যে ব্যক্তি হালাল উপার্জন থেকে একটি খেজুর পরিমাণ সদকা করবে, (আল্লাহ তা কবুল করবেন) এবং আল্লাহ কেবল পবিত্র সম্পদ কবুল করেন। আর আল্লাহ তাঁর ডান হাত দিয়ে তা কবুল করেন। এরপর আল্লাহ দাতার জন্য তা প্রতিপালন করেন যেমন তোমাদের কেউ অশ্ব শাবক প্রতিপালন করে থাকে, অবশেষে সেই সদকা পাহাড় বরাবর হয়ে যায়।

আবূ হুরায়রা রাদিয়াল্লাহু ‘আনহ থেকে মারফু‘ সূত্রে বর্ণিত, “যে ব্যক্তি হালাল
উপার্জন থেকে একটি খেজুর পরিমাণ সদকা করবে, (আল্লাহ তা কবুল করবেন) এবং আল্লাহ কেবল পবিত্র মাল কবুল করেন। আর আল্লাহ তাঁর ডান হাত দিয়ে তা কবুল করেন। এরপর আল্লাহ দাতার জন্য তা প্রতিপালন করেন যেমন তোমাদের কেউ অশ্ব শাবক প্রতিপালন করে থাকে, অবশেষে সেই সদকা পাহাড় বরাবর হয়ে যায়।”
[সহীহ] [মুত্তাফাকুন ‘আলাইহি (বুখারী ও মুসলিম)।]

যে ব্যক্তি ধোকাবাজী ও অসদুপায় বর্জন করে হালাল ও পবিত্র উপার্জন থেকে একটি খেজুর পরিমাণ সদকা করবে, (আল্লাহ তা কবুল করবেন) এবং আল্লাহ কেবল পবিত্র সম্পদ কবুল করেন। আর আল্লাহ তাঁর ডান হাত দিয়ে তা কবুল করেন। আর ‘আল্লাহর ডান হাতের বিষয়টি’ প্রকাশ্য অর্থের ওপরই বলতে হবে, যেভাবে আল্লাহর জন্য হওয়া উপযুক্ত; কোনোরূপ অপব্যাখ্যা কিংবা বিকৃতি সাধন ব্যতিরেকেই এর অর্থ করতে হবে। অর্থাৎ আল্লাহ তা‘আলা তার থেকে তা গ্রহণ করেন। যেমনটি সহীহ মুসলিমের বর্ণনায় এসেছে। এরপর আল্লাহ দাতার জন্য তা প্রতিপালন করেন, বর্ধিত করেন, যেমন তোমাদের কেউ অশ্ব শাবক প্রতিপালন করে থাকে, অবশেষে সেই সদকা পাহাড় বরাবর হয়ে যায়।

http://sunnah.global/hadeeth/bn/show/5862